

# সঙ্ঘমিত্রা বন্দ্যোপাধ্যায়



পিতা শ্রী সতেন বন্দ্যোপাধ্যায় ও মাতা শ্রীমতী বন্দনা বন্দ্যোপাধ্যায়ের কন্যা সঙ্ঘমিত্রার অত্যুজ্জ্বল পরিচয়ের শ্রী বর্ধন করে জ্যাঠামশাই প্রাক্তন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক সমর (বদ্র) ব্যানার্জী ও স্বামী যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট অধ্যাপক ডঃ উজ্জ্বল মৌলিকের উল্লেখ।

ছাত্রাবস্থা থেকেই অসাধারণ মেধাবী

ছাত্রী St. Agness Convent School থেকে ১৯৮৩ সালে I.C.S.E., বেথুন কলেজ থেকে উচ্চমাধ্যমিক এবং প্রোসডোস কলেজ থেকে সাম্মানিক পদার্থবিজ্ঞানে প্রথম শ্রেণিতে স্নাতক হবার পর কলকাতা বিজ্ঞান কলেজে কম্পিউটার সায়েন্সে B.Tech.-এ প্রথম শ্রেণিতে প্রথম হন এবং অধ্যাপক এ. কে. চৌধুরী পুরস্কার পান। I.I.T. Kharagpur থেকে M. Tech-এ প্রথম শ্রেণিতে প্রথম হয়ে Institute Silver Medal এবং Shankar Dayal Sharma Gold Medal পান ১৯৯৪ সালে। ১৯৯৮ সালে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট, কলকাতা থেকে Ph.D. উপাধি লাভের পর সেখানেই অধ্যাপনা ও গবেষণার কাজে নিযুক্ত হন ১৯৯৯ সাল থেকে।

অধ্যাপনা ও গবেষণা শুরুর পর থেকেই বিভিন্ন দুর্লভ পুরস্কারে সম্মানিত হয়েছেন তিনি। ২০০০ সালে Indian Science Congress থেকে Young Scientist Award ও সে বছরেই Indian National Science Academy থেকে তাঁকে প্রদান করা হয় Young Scientist Award। 2002 সালে Indian National Academy of Engineers তাঁকে Young Engineer Award দিয়ে সম্মানিত করে। ২০০৬-২০০৭ সালে Dept. of Science & Technology (New Delhi) থেকে Swarnajayanti Fellowship Award এবং ২০০৯-এ জার্মানির Alexander Von Humboldt Foundation থেকে Humboldt Fellowship for Experienced Researcher সম্মানে ভূষিত হন। সর্বোপরি ২০১০ সালে ভারত সরকারের C.S.I.R. তাঁকে 'শান্তি স্বরূপ ভট্টনগর পুরস্কার ২০০৯-২০১০' প্রদান করে।

বিজ্ঞানাচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়ের সাদর্শতম জন্মবর্ষে বিজ্ঞান-গবেষণা ক্ষেত্রে ভারতের শীর্ষ পুরস্কার লাভ যে কোন ভারতীয় বিজ্ঞানীর জীবনে বাড়তি প্রেরণা। অধ্যাপনা, গবেষণা ও পুরস্কার ইত্যাদির পাশাপাশি ১৮০টির বেশি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। এছাড়া ইংল্যান্ড, আমেরিকা, অস্ট্রেলিয়া, জাপান, চীন, জার্মানি, কুয়ালালামপুর, সিঙ্গাপুর, কানাডা, ইতালি, ফ্রান্স, নিউজিল্যান্ড, অস্ট্রিয়া ইত্যাদি বহু দেশ ছাড়াও ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও I.I.T.-গুলিতে গবেষণা ও অতিথি অধ্যাপক হিসেবে নিয়মিত বক্তৃতায় অংশ নিতে যান তিনি।

তাঁর সম্মাননায় আমরা গৌরবান্বিত। আমরা তাঁর সারস্বত-সাধনার নিরন্তর সাফল্য কামনা করি।